“প্রত্যেক আযান ও ইক্বামাতের মধ্যবর্তী সময়ে সালাত আদায় করা যায়। তারপর তৃতীয়বার বলেন, “যে ব্যক্তি ইচ্ছা করে”।

‘আবদুল্লাহ্ ইবনু মুগাফফাল রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “প্রত্যেক আযান ও ইক্বামাতের মধ্যবর্তী
সময়ে সালাত আদায় করা যায়। তারপর তৃতীয়বার বলেন, “যে ব্যক্তি ইচ্ছা করে”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্পষ্ট করেছেন, প্রত্যেক আযান ও ইকামাতের মধ্যে নফল সালাত রয়েছে; তিনি তিনবার এই কথাটি পুনরাবৃত্তি করলেন এবং তৃতীয়বার বললেন, যে ব্যক্তি সালাত পড়তে চায় তার জন্য এটি মুস্তাহাব।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65479